খুলনায় ডেঙ্গুজ্বরে স্কুল ছাত্রসহ ২ জনের মৃত্যু

ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে খুলনায় স্কুলছাত্র ও বৃদ্ধার মৃত্যু হয়েছে। এরমধ্যে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে (খুমেক) চিকিৎসাধীন অবস্থায় মর্জিনা বেগম (৬৫) নামে এক নারী মারা গেছেন।

মর্জিনা বেগম খুলনার দিঘলিয়া উপজেলার ব্রম্মগাতি গ্রামের ইসরাইল সরদারের স্ত্রী।

শনিবার (৩ আগস্ট) দিনগত রাত সাড়ে ১২টার দিকে তিনি মারা যান। খুমেকের মেডিসিন বিভাগের সহকারী রেজিস্টার ডা. পার্থ প্রতীম দেবনাথ বিষয়টি বাংলানিউজকে জানিয়েছেন।

মর্জিনার স্বজনরা জানান, ডেঙ্গু ছাড়াও মর্জিনা বেগম লিভার রোগে আক্রান্ত ছিলেন। লিভারের চিকিৎসার জন্য ঢাকায় গিয়ে ডেঙ্গুতে আক্রান্ত হন। পরে সপ্তাহখানেক খুলনায় এসে খুমেকে চিকিৎসা নেন। শনিবার বেশ অসুস্থ হয়ে রাতে মারা যান।

এছাড়া মঞ্জুর শেখ নামের দশম শ্রেণির এক ছাত্র মহানগরের বেসরকারি গাজী মেডিকেল কলেজ হাসপাতালে রোববার (৪ আগস্ট) সকালে মারা গেছে। সে রূপসা উপজেলার খাজাডাঙ্গা গ্রামের বাবুল শেখের ছেলে। কাজদিয়া সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ছিলো।

মঞ্জুর শেখের মৃত্যুর বিষয়টি গাজী মেডিকেলের মালিক ডা. গাজী মিজানুর রহমান জানিয়েছেন। তিনি জানান, মনজুর শেখ গত শনিবার রাত ১১ টায় ভর্তি হয়েছিল।

এদিকে, এ ঘটনার পর নিহতের বাড়িতে শোকের ছায়া নেমে এসেছে। পরিবার, স্বজন, সহপাঠী ও প্রতিবেশীদের আহাজারিতে পরিবেশ ভারি হয়ে উঠেছে। একমাত্র ছেলে সন্তানকে হ◌ারিয়ে পাগল প্রায় মা-বাবা।

উল্লেখ্য, খুলনা স্বাস্থ্য পরিচালকের দপ্তর সূত্রে জানা যায়, গত ২৪ ঘণ্টায় বিভাগে ৬৮জন আক্রান্ত হয়েছেন। এর মধ্যে শুধুমাত্র খুলনায় নয়জন আক্রান্ত হয়েছেন। খুলনা বিভাগের ১০ জেলার হাসপাতালে ভর্তি রয়েছেন ৩৫৯জন ডেঙ্গু রোগী।